গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০।

নং-৪৯.০৪.০০০০.০০৪.০৬.১৬৯.১৩- ৪৫৮ | তারিখঃ ২৩/১০/১৬ খ্রিঃ।

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সেপ্টেম্বর/২০১৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

সভার তারিখ ও সময় ঃ ১৮/১০/২০১৬ খ্রিঃ সকাল- ১০.০০ ঘটিকা।

সভার স্থান ঃ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সম্মেলন কক্ষ (লেভেল-৯), প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ ঃ পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং সকলের সম্মতিতে তা দৃঢ়ীকরণ হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয়। ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক কার্যক্রমে স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

| ক্রম | সভার আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | নির্ধারিত "ছক" অনুযায়ী প্রাপ্ত তথ্য ও অগ্রগতি পর্যালোচনা | (ক) আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বিস্তারিত আলোচনা করা হয়। সেপ্টেম্বর/২০১৬ মাসের প্রাপ্ত তথ্য অনুযায়ী কাজের অগ্রগতি পর্যালোচনায় মহাপরিচালক মহোদয় সন্তোষজনক কাজের জন্য কর্মকর্তা/ কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। আর্থিক অনুদান সংক্রান্ত ২০১৪-২০১৫ সালের যে সকল অনিষ্পন্ন নথিসমূহ এখনো নিষ্পত্তি হয়নি তার বিস্তারিত কারণ উল্লেখপূর্বক নথিজাত করার জন্য মহাপরিচালক বরাবর উপস্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। | (ক) আর্থিক অনুদান সংক্রান্ত ২০১৪-২০১৫ সালের যে সকল অনিষ্পন্ন নথিসমূহ এখনো নিষ্পত্তি হয়নি তার বিস্তারিত কারণ উল্লেখপূর্বক নথিজাত করার জন্য মহাপরিচালক বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ১.২ | | (খ) আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত যে সকল নথি দূতাবাস থেকে বৈধতা বিষয়ক মতামত প্রদানের জন্য অপেক্ষমান সে সকল নথিসমূহের তালিকা করে এবং সমন্বয় সভার সিদ্ধান্ত উল্লেখপূর্বক দূতাবাস/মিশনে পত্র দেয়ার নির্দেশনা প্রদান করেন। | (খ) আর্থিক অনুদান সংক্রান্ত দূতাবাসের জবাব /মতামত প্রদানের জন্য অপেক্ষমান নথিসমূহের তালিকা করে এবং সমন্বয় সভার সিদ্ধান্ত উল্লেখপূর্বক দূতাবাস/মিশনে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ১.৩ | | (গ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কর্মকর্তা/ কর্মচারীদের অফিসে সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে মহাপরিচালক মহোদয় গুরুত্বারোপ করেন এবং কর্মকর্তা/ কর্মচারীদের হাজিরা সংক্রান্ত ফিঙ্গার প্রিন্ট ডকুমেন্ট সরবরাহ করে বেতন ভাতাদি প্রদানের জন্য হিসাব শাখাকে নির্দেশনা প্রদান করেন। | (গ) কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা সংক্রান্ত ফিঙ্গার প্রিন্ট ডকুমেন্ট সরবরাহ করে বেতন ভাতাদি প্রদানের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও হিসাবরক্ষণ কর্মকর্তা |

| ক্রম | সভার আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.৪ | | (ঘ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদেয় সেবাসমূহের মধ্যে আর্থিক অনুদানের বিষয়টি আরো সহজিকরণের লক্ষ্যে প্রযোজ্য কাগজপত্রাদি কল্যাণ বোর্ডের সৃজিত ওয়েব সাইটের অগ্রভাগে প্রকাশ অর্থাৎ যাতে সহজেই মৃতের পরিবারগণ ডাউনলোড করতে পারে তার ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ঘ) আর্থিক অনুদান সংক্রান্ত প্রযোজ্য কাগজপত্রাদি কল্যাণ বোর্ডের সৃজিত ওয়েব সাইটের অগ্রভাগে প্রকাশ অর্থাৎ যাতে সহজেই মৃতের পরিবারগণ ডাউনলোড করতে পারে তার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন |
| ১.৫ | | (ঙ) হিসাবরক্ষণ কর্মকর্তা জানান যে, প্রবাসী কর্মীদের আর্থিক অনুদান/মৃত্যুজনিত ক্ষতিপুরণ সংক্রান্ত অনুমোদিত নথিসমূহের চেক প্রস্তুতকালে নির্ধারিত Deceased History form পূরণ না থাকায় ডাটাএন্ট্রি করা সম্ভব হচ্ছে না। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপককে নির্ধারিত মৃতের Deceased History form পূরণপূর্বক নথি উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন। | (ঙ) প্রবাসী কর্মীদের আর্থিক অনুদান/ মৃত্যুজনিত ক্ষতিপুরণ সংক্রান্ত সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপককে মৃতের Deceased History form পূরণপূর্বক নথি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (অর্থ ও কল্যাণ) /(প্রশাসন ও উন্নয়ন) |
| ২.০ | বিবিধ: | (ক) দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ এখনো কম্পিউটার অপারেটিং কাজ জানেন না তাদের অবশ্যই কম্পিউটার প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। এ বিষয়ে আইটি শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | (ক) যে সকল কর্মকর্তা/কর্মচারীগণ এখনো কম্পিউটার অপারেটিং কাজ জানেন না তাদের অভ্যন্তরীণ কম্পিউটার প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও পরিচালক (আইআরপি) |
| ২.০ | | (খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কোনো কর্মকর্তা/কর্মচারী কর্মরত অবস্থায় মৃত্যুবরণ করলে তার পরিবারকে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে অন্যান্য কর্পোরেশন/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অনুসৃত নীতিমালা সংগ্রহপূর্বক তার সাথে মিল রেখে একটি প্রস্তাবিত নীতিমালা প্রণয়ণের জন্য সহকারি পরিচালক (তথ্য ও জনসংযোগ) জনাব মোঃ জাহিদ আনোয়ারকে দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা করেন। | (খ) দেশের অন্যান্য কর্পোরেশন/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের অনুসৃত নীতিমালা সংগ্রহপূর্বক তার সাথে মিল রেখে একটি প্রস্তাবিত নীতিমালা প্রণয়ণের জন্য সহকারি পরিচালক (তথ্য ও জনসংযোগ) জনাব মোঃ জাহিদ আনোয়ারকে দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

৩.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর/সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, সার্ভার রুম, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। সহকারী পরিচালক (সকল)/উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৬। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৮। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(তথ্য-প্রযুক্তি, গবেষণা ও পরিকল্পনা) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।